বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।
www.lgd.gov.bd

মুজিব শতবর্ষ Mujib 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.২৫.০০৪.১৪- ১১৮৭

তারিখ: ২১ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ। / ০৬ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ।

## প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব আমিনুল ইসলাম রাবেল ছুটি নিয়ে বিদেশে গিয়ে গ্রেটার সিলেট ডেভেলপমেন্ট ফোরাম আয়োজিত মতবিনিময় সভায় বাংলাদেশ সরকার এবং স্থানীয় সরকার বিভাগের বিরুদ্ধে হানিকর ও রাষ্ট্রের জন্য হানিকর বক্তব্য প্রদান করেছেন;

যেহেতু, আপনার এ ধরনের জনহানিকর বক্তব্য স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯এর ধারা ৩২ এর (খ) ও (ঘ) এর অপরাধে মেয়রের পদ হতে অপসারণযোগ্য অপরাধ;

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) মোতাবেক যেক্ষেত্রে কোন পৌরসভার মেয়র অথবা কোন কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে অথবা তাহার বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে;

যেহেতু, আপনি জনাব আমিনুল ইসলাম রাবেল, মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা, সিলেট স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২ উপ-ধারা ১(খ) ও ১(ঘ) মোতাবেক বাংলাদেশ সরকার এবং স্থানীয় সরকার বিভাগের বিরুদ্ধে হানিকর ও জনহানিকর বক্তব্য প্রদান করায় আপনার এহেন অপরাধমূলক কার্যক্রম পৌর পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুযায়ী আপনি জনাব আমিনুল ইসলাম রাবেল, মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা, সিলেট-কে গোলাপগঞ্জ পৌরসভার মেয়র এর পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

০৬.১২.২০২১

(মোহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.২৫.০০৪.১৪- ১১৮৭/১(৭)

তারিখ: ২১ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ। / ০৬ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিলেট **(পত্রটি সংশ্লিষ্ট পৌর মেয়র এর নিকট প্রেরণ নিশ্চিত করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার অনুরোধসহ)।**
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র/প্যানেল মেয়র-১, গোলাপগঞ্জ পৌরসভা, সিলেট।
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জনাব আমিনুল ইসলাম রাবেল (সাময়িকভাবে বরখাস্তকৃত), মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা, সিলেট।

০৬.১২.২০২১

(মোহাম্মদ ফারুক হোসেন)
উপ সচিব